DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 12:44 PM

তথ্য প্রযুক্তি

# ৭ হাজার কোটি টাকার এআই প্রযুক্তি ক্রয় নেটফ্লিক্সের

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি: সংগৃহীত

নেটফ্লিক্স কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক (এআই) চলচ্চিত্র প্রযুক্তি প্রতিষ্ঠান ইন্টারপজিটিভ অধিগ্রহণে ৫৮ কোটি ৭০ লাখ মার্কিন ডলার (প্রায় ৭ হাজার কোটি টাকা) ব্যয় করেছে। সম্প্রতি প্রকাশিত একটি নিয়ন্ত্রক নথিতে এই তথ্য প্রকাশ করেছে বিশ্বের অন্যতম জনপ্রিয় ভিডিও স্ট্রিমিং প্ল্যাটফর্মটি।

চলতি বছরের মার্চ মাসে নেটফ্লিক্স ইন্টারপজিটিভ অধিগ্রহণের ঘোষণা দিলেও সে সময় চুক্তির আর্থিক মূল্য প্রকাশ করা হয়নি। পরে আন্তর্জাতিক বিভিন্ন গণমাধ্যমে এর মূল্য প্রায় ৬০ কোটি ডলার হতে পারে বলে ধারণা করা হয়। সর্বশেষ নিয়ন্ত্রক নথিতে চুক্তির প্রকৃত ব্যয়ের তথ্য নিশ্চিত করা হয়েছে।

হলিউড তারকা ও নির্মাতা বেন অ্যাফলেকের সহপ্রতিষ্ঠিত ইন্টারপজিটিভ চলচ্চিত্রের পোস্ট-প্রোডাকশন পর্যায়ে ব্যবহৃত এআই প্রযুক্তি উন্নয়ন

করে। এই প্রযুক্তির মাধ্যমে বাদ পড়া দৃশ্য পুনর্নির্মাণ, পটভূমি পরিবর্তন, আলোর ত্রুটি সংশোধন এবং অন্যান্য কারিগরি সম্পাদনার কাজ আরও দ্রুত ও কার্যকরভাবে সম্পন্ন করা যায়। অধিগ্রহণের সময় বেন অ্যাফলেক বলেন, তাদের প্রযুক্তির উদ্দেশ্য মানুষের সৃজনশীলতাকে প্রতিস্থাপন করা নয়; বরং নির্মাতাদের কাজকে আরও শক্তিশালী ও সহজ করে তোলা।

নেটফ্লিক্স জানিয়েছে, ইন্টারপজিটিভের পুরো কর্মীদল এখন তাদের সঙ্গে কাজ করবে। পাশাপাশি বেন অ্যাফলেক প্রতিষ্ঠানটির জ্যেষ্ঠ উপদেষ্টা হিসেবে যুক্ত থাকবেন। তবে নতুন দায়িত্বে তিনি কী ধরনের ভূমিকা পালন করবেন, সে বিষয়ে বিস্তারিত জানানো হয়নি।


বর্তমানে চলচ্চিত্র ও বিনোদন শিল্পে এআই প্রযুক্তির ব্যবহার দ্রুত বাড়ছে। ভিডিও সম্পাদনা, ভিজ্যুয়াল ইফেক্ট তৈরি, শব্দের মান উন্নয়ন এবং দৃশ্যের গুণগত মান বাড়ানোর মতো বিভিন্ন কাজে নির্মাতারা এআই ব্যবহার করছেন। প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোর মতে, এর ফলে কাজের গতি বাড়ার পাশাপাশি উৎপাদন ব্যয়ও কমানো সম্ভব হচ্ছে।

অন্যদিকে, এআইয়ের ক্রমবর্ধমান ব্যবহার নিয়ে উদ্বেগও রয়েছে। অনেক নির্মাতা ও শিল্পীর আশঙ্কা, অতিরিক্ত নির্ভরশীলতা মানুষের সৃজনশীলতার গুরুত্ব কমিয়ে দিতে পারে। তবে প্রযুক্তি কোম্পানিগুলোর দাবি, এআই কোনোভাবেই মানুষের বিকল্প নয়; এটি কেবল নির্মাতাদের জন্য একটি সহায়ক প্রযুক্তি।

নেটফ্লিক্সের সর্বশেষ আর্থিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, প্রতিষ্ঠানটির প্রায় ৩০০টি চলচ্চিত্র ও সিরিজে ইতোমধ্যে জেনারেটিভ এআই প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। বিশ্লেষকদের মতে, ইন্টারপজিটিভ অধিগ্রহণের মাধ্যমে নেটফ্লিক্স ভবিষ্যতে নিজস্ব এআই সক্ষমতা আরও বাড়াতে

---

## এ বিভাগের আরও খবর




**এআইয়ের নকশায় তৈরি হলো নতুন ভাইরাস**
কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের ব্যবহার এতদিন মূলত লেখা, ছবি, সফটওয়্যার কিংবা তথ্য বিশ্লেষণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। এবার জীববিজ্ঞানের আরও গভীরে...




### যদি হঠাৎ হারিয়ে যায় চাঁদ, কী ঘটবে পৃথিবীতে?

রাতের আকাশে আলো ছড়ানো চাঁদ আমাদের চেনা পৃথিবীর এক অবিচ্ছেদ্য অংশ। ভাবুন তো একবার, যদি হঠাৎ চাঁদ গায়েব হয়ে যায় তাহলে কেমন হবে আমাদের পৃথিবী,...



### ৭.৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে কাঁপল ইন্দোনেশিয়া

ইন্দোনেশিয়ার ফ্লোরেস অঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্প হয়েছে। এ ভূমিকম্পের পর সুনামির আশঙ্কায় স্থানীয় বাসিন্দাদের নিরাপদ স্থানে সর...



### এ সপ্তাহেই দিন হবে রাতের মতো: বিরল এই সূর্যগ্রহণ দেখতে নতুন পরীক্ষা চালাচ্ছেন বিজ্ঞানীরা

সূর্যের সবচেয়ে বাইরের স্তর করোনা সম্পর্কে আরো দ্রুত ও বিস্তারিত তথ্য সংগ্রহের লক্ষ্যে নতুন একটি বৈজ্ঞানিক যন্ত্র তৈরি করেছেন ইতালির একদল গবে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/ict-/7-hajar-koti-takar-eai-prjukti-kry-netflikser